



সশস্ত্র বাহিনী দিবসে খালেদা জিয়া সেনাকুঞ্জে প্রধান উপদেষ্টার সঙ্গে সংক্ষিপ্ত আলাপ



সংগৃহীত ছবি

সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে আয়োজিত সংবর্ধনায় অংশ নিতে শুক্রবার বিকেলে সেনানিবাসের সেনাকুঞ্জে যান বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া। বিকেল চারটায় গুলশান থেকে বের হয়ে কিছু সময় পরে তিনি অনুষ্ঠানে প্রবেশ করেন।

সেখানে পৌঁছানোর পর প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে তার সংক্ষিপ্ত একান্ত আলাপ হয় বলে জানান দলটির মিডিয়া উইংয়ের কর্মকর্তা শায়রুল কবির খান। তবে তারা কী নিয়ে আলোচনা করেছেন, সে বিষয়ে কোনো তথ্য প্রকাশ করা হয়নি।

খালেদা জিয়ার সঙ্গে অনুষ্ঠানে যান তার পুত্রবধূ শর্মিলা রহমান সিঁথি এবং প্রয়াত ভাই সাঈদ ইসকান্দারের স্ত্রী নাসরিন ইসকান্দার।

এ ছাড়াও বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, খালেদা জিয়ার চিকিৎসকদলের প্রধান অধ্যাপক শাহাবুদ্দিন তালুকদার, চিকিৎসক এ জেড এম জাহিদ হোসেনসহ দলটির সিনিয়র নেতারা—মির্জা আব্বাস, গয়েশ্বর চন্দ্র রায়, আবদুল মঈন খান, আমীর খসরু মাহমুদ চৌধুরী, সালাহউদ্দিন আহমেদ, ইকবাল হাসান মাহমুদ টুকু ও হাফিজ উদ্দিন আহমেদ—সংবর্ধনায় উপস্থিত ছিলেন।

গত বছরের মতো এ বছরও সশস্ত্র বাহিনী দিবসের বিশেষ আয়োজনে অংশ নিলেন বিএনপি চেয়ারপারসন।